গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় ঃ উপজেলা পরিষদের আগস্ট, ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভার তারিখ ঃ ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ এখনও পাওয়া যায়নি। এ বিভাগের অন্যান্য উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। বন্যায় রাস্তাঘাটের ব্যপক ক্ষতি হয়েছে। ইতিমধ্যে রাস্তাগুলোর ক্ষয়-ক্ষতির পরিমাণ উল্লেখ করে তার প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানান।<br>খ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ট্রাম্পরোডের কাজটি চার বছর পূর্বে শুরু হলেও অধ্যবদি সমাপ্ত হয়নি, কাজটি দ্রুত সমাপ্ত করার এবং কালিউরি ব্রিজের এপ্রোচ ভেঙ্গে যাওয়া যানবাহন চলাচলে সমস্যা হচ্ছে এবং যেকোন সময়ে দূর্ঘটনা ঘটতে পারে। তাই ব্রিজের এপ্রোচ মেরামত করার অনুরোধ জানান। | ক) বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলোর অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দ পাওয়া গেছে। তবে ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়নি। ইউনিয়নওয়ারী বিভাজন করে চেয়ারম্যানগণকে পত্র দেওয়ার হবে। তাছাড়া এ উপজেলায় গত দুই অর্থ বছর থেকে কর্মসৃজনের বরাদ্দ পাওয়া যাচ্ছে না মর্মে তিনি জানান। তিনি আরো বলেন এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পে ১ম ও ২য় পর্যায়ে ১০৮ টির মধ্যে ৮৮ টি বীরনিবাস এর কাজ চলমান রয়েছে। বীরনিবাস কাজের তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে বিশেষভাবে অনুরোধ জানান। তিনি আরো বলেন গত বন্যায় দোয়ারাবাজার উপজেলার বাংলাবাজার ইউনিয়নের ০৯ টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে, ০৩টি আংশিক ভাবে এবং মান্নারগাঁও ইউনিয়নের ২টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে ও ৬টি আংশিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। | ২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দ অনুসারে বিভাজন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | [illegible] |
|---|---|---|---|---|
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন গত ৩০ জুলাই দোয়ারাবাজার স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নত করে আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক মহোদয়। উক্ত অনুষ্ঠানটি সুন্দর ও সুষ্ঠু ভাবে আয়োজনে সার্বিক সহযোগিতা করায় মাননীয় সংসদ সদস্য জনাব মুহিবুর রহমান মানিক মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি আরো বলেন মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রচেষ্টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি এক্সে মেশিন এবং রক্ত পরীক্ষার ১টি যন্ত্র পাওয়া গেছে। তবে টেকনিশিয়ান না থাকায় এক্সরে মেশিনটি এবং রক্ত পরীক্ষার ১টি যন্ত্রটি চালানো যাচ্ছে না। তবে সুনামগঞ্জে একজন টেকনিশিয়ান আছেন, তাকে সপ্তাহে ২দিন আনার ব্যবস্থা করা হলে এক্সরে এবং রক্ত পরীক্ষার করা সম্ভব হবে। তাকে যাতায়াত ও কিছু সম্মানী দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে, কিন্তু হাসপাতাল হতে এ সম্মানী দেওয়া সম্ভব নয়। তাই উপজেলা পরিষদ হতে টেকনিশিয়ানের সম্মানীর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন উপজেলা পরিষদ ম্যানুয়াল এর নির্দেশিকা অনুসারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দেওয়া যায় কিনা তা পর্যালোচনা ক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন দোহালিয়া উপস্বাস্থ্য কেন্দ্রেকে ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রুপান্তরিত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ক) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br>খ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৪ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১৫ টাকা কেজি দরে ৩০ কেজি চাল প্রদানের কার্যক্রম শুরু করা হবে। এবার ২ মাসের চাল এক সাথে ৬০ কেজি প্রদান করা হবে মর্মে জানান।<br>চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন খাদ্য বান্ধব কর্মসূচির চাল ডিলারগণ কখন বিতরণ করেন তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যনগণকে অবগত করা হয় না। এতে অনেক উপকারভোগী চাল দেওয়া খবর জানে না। ডিলার ঐসব উপকারভোগীর চাল নিজের কাছে রেখে পরে সেই চাল বাহিরে বিক্রি করে মর্মে তিনি সভায় জানান। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১৫ টাকা কেজি দরে ৩০ কেজি চাল প্রদানের পূর্বে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার |
| ০৫ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন চাষের জন্য কৃষক পর্যায়ে বীজ ও সার প্রদান করা হয়েছে। ভাদ্র মাসের শেষ সপ্তাহ পর্যন্ত আমন চারা রোপন করা যাবে। কৃষক পর্যায়ে ভূর্তকিতে কৃষিযন্ত্রপাতি প্রদানের লক্ষ্যে আবেদন সংগ্রহ করা হচ্ছে মর্মে তিনি জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন কৃষকদের আদা, মরিচ, হলুদ, রসুন ও পেয়াজ | ক) উৎপাদন বৃদ্ধি করার জন্য কৃষক পর্যায়ে প্রয়েজনীয় সহযোগিতার ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |

CamScanner

| | | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উৎপাদনে উদ্বুদ্ধ করার জন্য উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | | |
| ০৬ | শিক্ষা বিভাগ | ক) উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বিদ্যালয়গুলোতে নিয়মিত পাঠদান চলছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুনামেন্ট সুষ্ঠু ও সুন্দর ভাবে সমাপ্ত হয়েছে। উপজেলা চ্যাম্পিয়ান জেলা পর্যায়ের খেলায় অংশ গ্রহণ করবে, টিম ২টিকে উপজেলা হতে সহযোহিতা করার অনুরোধ জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রায় শিক্ষক নির্ধারিত সময়ে বিদ্যালয়ে উপস্থিত হয় না মর্মে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে। বিষয়টি তিনি নিজেও লক্ষ্য করেছেন এবং প্রায় শিক্ষক নির্ধারিত সময়ের অনেক পরে বিদ্যালয়ে উপস্থিত হচ্ছে। তাই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান। | খ) শিক্ষকগণ নির্ধারিত সময়ে বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতকরণের এবং সঠিকভাবে পাঠদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |
| ০৭ | সমাজসেবা | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দ পাওয়া গেছে। ভাতার জন্য অনলাইনে আবেদন করতে হবে। ইতিপূর্বে ২৬২ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে, অবশিষ্ট উপজেলাগুলো ২০১৯ হতে বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যায়নি। বিগত ৪ বছরে অনেক ভাতাভোগী অপেক্ষা করছে ভাতার জন্য। এ আবেদনে যদি শতভাগ উপজেলাগুলো আবেদন করার সুযোগ পায় তাহলে ৪ বছর ভাতা বঞ্চিত উপজেলাগুলো বৈষম্যের স্বীকার হবে। তাই এ বিষয়ে তিনি অধিদপ্তরে যোগাযোগ করছেন মর্মে জানান। তাছাড়া প্রতিবন্ধি ভাতার বরাদ্দ চলমান রয়েছে। গত অর্থ বছর থেকে প্রতিবন্ধি ভাতা ৮৫০/- টাকা হারে প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধি ভাতার জন্য অবশ্যই প্রতিবন্ধি জরীপ কার্ড থাকতে হবে মর্মে তিনি জানান। | ক) ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দের বিপরীতে ভাতার অনলাইনে আবেদন করতে জনগণকে অবহিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৮ | অন্যান্য | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত "সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" জনাব মোঃ সফিকুর রহমান বিগত ২২/১০/২০১২খ্রি: চাকুরীতে যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও সন্তুষ্টির সাথে তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। গত ২১/১০/২০২২ খ্রি: তারিখে তাঁর চাকুরীকাল ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। তাছাড়া গত ২৪ জুলাই, ২০২৩ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১)-৩৫৩ এর নির্দেশনা মোতাবেক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫.২০১৫-৫৭০ তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ২৪ জুলাই,২০২৩তারিখে ৪৬.০০.০০০০. ০০.০৪৬.১৮. ১৫৭.২০ (অংশ-১)-৩৫৩ স্মারক নং-এর নির্দেশনা মোতাবেক এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং ৪৬.০৪৬.০২০.০০.০০.০০৫. ২০১৫-৫৭০ তারিখ ২৫ এপ্রিল/২০১৬ এবং উপজেলা পরিষদ (কর্মচারী) চাকুরী বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব জনাব মোঃ সফিকুর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার আপরেটর, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ তাঁর চাকুরী সন্তোষজনকভাবে | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজা রসুনামগঞ্জ |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | অন্যান্য | বিধিমালা ২০১০ এর ৮ ধারা এর প্রদত্ত ক্ষমতাবলে আবেদনকারীর চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেখে ১০ (দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৪, বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- হতে উচ্চতর গ্রেড-১৩, বেতনস্কেলে ১১,০০০-২৬,৫৯০/- তে গত ২১/১০/২০২২ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার জন্য সভায় অনুরোধ জানান। | পদোন্নতি ব্যতিরেখে ১০ (দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৪, বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- হতে উচ্চতর গ্রেড-১৩, বেতনস্কেলে ১১,০০০-২৬,৫৯০/- তে আগামী ২১/১০/২০২২ খ্রি: তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই/২১ মাসে মোট ১২ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই/২১ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই/২১ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ জুলাই/২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৩% আয়কর ৮১০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৭.৫% ভ্যাট ২২৬/- টাকা ও ৩% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের পরিচ্ছন্নতাকর্মী জাকির হোসেন গত ৩০/০৭/২০২৩ তারিখে মোটরসাইকেল এক্সিডেন্ট করে হাত ভেঙ্গে যায়, বর্তমানে চিকিৎসাধীন আছেন। চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহযোগিতা চেয়ে আবেদন করেছেন মর্মে তিনি সভায় জানান। তিনি জাকির হোসেনকে আর্থিক অনুদান প্রদানের অনুরোধ জানান। | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের জুলাই/২৩ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) জাকির হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোয়ারাবাজারকে চিকিৎসা বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ১০,০০০/- টাকা আর্থিক অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

১৭.০৮.২৩

(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৪৭ তারিখ ঃ- ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ।
৬। জনাব/বেগম ..........................................., ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। উপজেলা .................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৯। জনাব.........................................................................................।
১০। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১১। সংরক্ষণ নথি

১৭।৮।২৩

(মোঃ আরিফ মুর্শেদ মিশু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।

CamScanner